রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৬ সনের ৪৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৮, ২০১৬

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৯৪৭—৯৬৪ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৫৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৪৫১—১৪৭৭ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৫৩—২৫৯ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৫০৭—১৫৩৫ | (৬) ...............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**অর্থ মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৭ সেপ্টেম্বর ২০১৬

**নং ০৮.০০.০০০০.০৩৭.২৭.০০৮.১৪-৫০১**—যেহেতু, জনাব বিদ্যুৎ নারায়ণ সরকার, উপ মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে আয়কর বিভাগের কর্মকর্তা হওয়া সত্ত্বেও কর মামলায় জড়িত হয়ে আয়কর বিভাগের স্বার্থের বিপক্ষে কাজ করার অভিযোগ সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর উপ বিধি ১৭(১) এর পরিপন্থি এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ বিধায় উক্ত অভিযোগে অভিযুক্ত করে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে তাঁর বিরুদ্ধে ২৩-০৪-২০১৪ খ্রিঃ তারিখে ০৮.০০.০০০০.০৩৭.২৭.০০৮.১৪-২১৪ নং স্মারকে কারণ দর্শানোর নোটিশ ইস্যু করা হয়।

যেহেতু, জবাবে তিনি তাঁর স্ত্রীর পেশাগত কার্যক্রম সম্পাদনে সংশ্লিষ্ট কাগজপত্র নিজ হাতে লিখে সহযোগিতা করেছেন বলে স্বীকার করেন। জবাব পর্যালোচনান্তে অভিযোগের পর্যাপ্ত ভিত্তি থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এবং ৩(ডি) (i) ও ৩(ডি) (iii) অনুযায়ী "দুর্নীতিপরায়ণ (Corrupt)" এর অভিযোগ আনয়ন করে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। অভিযুক্ত কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগনামায় বর্ণিত অভিযোগের প্রেক্ষিতে জবাব দাখিল করেন।

যেহেতু, আনীত অভিযোগ খণ্ডন করতে না পারায় তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামায় বর্ণিত অভিযোগ তদন্তের জন্য ৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত বোর্ড ৩০-১০-২০১৪ খ্রিঃ তারিখে ০৮.০০.০০০০.০৩৭.২৭.০০৮.১৪-৬২৭ নং স্মারকে গঠন

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

করা হয়। তদন্ত বোর্ড অভিযোগ নামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন। তদন্তে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয় এবং তাঁকে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করার গুরুদণ্ড উল্লেখ করে ০৭-০৫-২০১৫ খ্রিঃ তারিখে ০৮.০০.০০০০.০৩৭.২৭.০০৮.১৪-২৭২ নং স্মারকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়।

যেহেতু, তিনি ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৯-০২-২০১৬ খ্রিঃ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। তাঁর প্রদত্ত জবাব ও তদন্ত প্রতিবেদন এবং ব্যক্তিগত শুনানি পর্যালোচনাপূর্বক সার্বিক বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (৩)(ডি) বিধিমতে গুরুদণ্ড হিসেবে উক্ত কর্মকর্তাকে 'চাকুরী হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

যেহেতু, জনাব বিদ্যুৎ নারায়ণ সরকার, উপ মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা-কে সরকারি চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করার এ বিভাগের সিদ্ধান্তের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হয়। তৎপ্রেক্ষিতে চাকুরী থেকে বরখাস্ত (Dismissal from Service) করণের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে ২২-০৬-২০১৬ খ্রিঃ তারিখের ৮০.১০৪.০৩৪.০০.০০.০০৩.২১৫/১০৯ নং স্মারকে কমিশন একমত পোষণ করে।

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরী হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ০৫-০৯-২০১৬ খ্রিঃ তারিখে সদয় অনুমোদন করেছেন।

এক্ষণে সেহেতু, জনাব বিদ্যুৎ নারায়ণ সরকার, উপ মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) মোতাবেক সরকারি চাকুরী থেকে ০৭-০৯-২০১৬ খ্রিঃ হতে বরখাস্ত (Dismissal from Service) করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**
সিনিয়র সচিব।

---

**অধিশাখা-৩ (শুল্ক)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ ভাদ্র ১৪২৩/০৭ সেপ্টেম্বর ২০১৬

**নং ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০২৭.০৭-৭১৯**—জনাব প্রকাশ দেওয়ান, মিনিস্টার (কাস্টমস), WCO, ব্রাসেলস্, বেলজিয়াম-কে তাঁর ব্যক্তিগত কারণ এবং Ambassador, Embassy of Bangladesh, Belgium এর অনুরোধের প্রেক্ষিতে আগামী ৩১-১২-২০১৬ পর্যন্ত World Customs Organization (WCO), ব্রাসেলস্, বেলজিয়ামে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করার অনুমতি প্রদান করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হুমায়ুন কবীর**
উপসচিব।

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বিএসইসি ও বিআইসিএম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ সেপ্টেম্বর ২০১৬

**নং ৫৩.০০.০০০০.৪২১.১১.০০৪.১৬-২০৩**—বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) এর সংঘবিধির 3.6(a)(ii) নং অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে জনাব অমলেন্দু মুখার্জী এর পরিবর্তে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব কামরুন নাহার আহমেদ-কে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত মনোনয়ন প্রদান করা হল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মখফার উদ্দিন খোকন**
সহকারী সচিব।

---

**[ একই নম্বর ও তারিখে জারীকৃত আদেশের স্থলাভিষিক্ত ]**
**প্রকল্প ব্যবস্থাপনা শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৮ সেপ্টেম্বর ২০১৬

**নং ৫৩.০০.০০০০.৪৩১.১৪.০২৮.১৬-৫৭২**—পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর সংঘ বিধির ৩৬ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত সদস্যকে আগামী ০৬-০৩-২০১৮ তারিখ পর্যন্ত উক্ত প্রতিষ্ঠানের সাধারণ পর্ষদের সদস্য হিসেবে নির্দেশক্রমে নিযুক্ত করা হলো:

| ক্রমিক নং | নাম ও বর্তমান ঠিকানা | পদবী |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ০১. | ড. এ, কে, এম, নূর-উন-নবী, উপাচার্য, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর। | সদস্য, পরিচালনা পর্ষদ ও সাধারণ পর্ষদ। |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুর্শেদা জামান**
সিনিয়র সহকারী সচিব।

---

**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ সেপ্টেম্বর ২০১৬

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০৩৪.১৬-৫৭৮**—মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর ৬(১)(খ) ধারার বিধান অনুযায়ী অথরিটি পরিচালনা পর্ষদের স্বাভাবিক কাজকর্ম পরিচালনার নিমিত্ত নিম্নে বর্ণিত সদস্যদের নিয়োগের মেয়াদ আরও ৩ (তিন) বছরের জন্য পুনঃনিয়োগ দেয়া হলো:

**সদস্যবৃন্দ**

(১) সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

(২) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো

(৩) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপসচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[শুল্ক]**

**বিশেষ আদেশ**

তারিখ, ০৪ আশ্বিন ১৪২৩/১৯ সেপ্টেম্বর ২০১৬

**নং ৩২/২০১৬/শুল্ক/৩৪৮**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাংলাদেশ পর্যটন করপোরেশন নামীয় প্রতিষ্ঠানের শুল্কমুক্ত বিপণীর বন্ড লাইসেন্স নং-২২/কাস/এসবিডব্লিউ/৮২-এর বিপরীতে ১২,৫০,০০০ (বারো লক্ষ পঞ্চাশ হাজার) মার্কিন ডলার এবং বন্ড লাইসেন্স নং-৫০৫/কাস/পিবিডব্লিউ/৮৫-এর বিপরীতে ১২,৫০,০০০ (বারো লক্ষ পঞ্চাশ হাজার) মার্কিন ডলার অর্থাৎ ২০১৬-১৭ অর্থ বছরের জন্য সর্বমোট ২৫,০০,০০০ (পঁচিশ লক্ষ) মার্কিন ডলার বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**এ. এফ. এম শাহরিয়ার মোল্লা**
সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি।

---

**বিচার শাখা-৭**

**আইন ও বিচার বিভাগ**

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আদেশাবলী**

তারিখ, ০৮ সেপ্টেম্বর ২০১৬

**নং বিচার-৭/২এন-১১৯/৭৮-৪৬৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোহাম্মদ জাকারিয়া, পিতা-মোঃ আব্দুল ওয়াহ্হাব, মাতা-মোছাঃ শাহিদা, গ্রাম-বীরচারী, ডাকঘর-জাহিদগঞ্জ, উপজেলা-ঘাটাইল, জেলা-টাঙ্গাইল) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে টাঙ্গাইল জেলার ঘাটাইল উপজেলার ০৬ নং দীঘলকান্দি ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ১৯ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৭১/৭৬ (অংশ-১)-৪৬৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ মিজানুর রহমান, পিতা-মোঃ বাবরু মিয়া, মাতা-আমেনা বেগম, গ্রাম-সুহাতা, ডাকঘর-মাছিহাতা, উপজেলা-ব্রাহ্মণবাড়ীয়া সদর, জেলা-ব্রাহ্মণবাড়ীয়া) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ব্রাহ্মণবাড়ীয়া জেলার সদর উপজেলার ১০ নং রামরাইল ইউনিয়নের ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ২১ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-০৪/২০০৩-৪৭৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মাইদুল ইসলাম, পিতা-আঃ ছালাম গাজী, মাতা-জাহানারা বেগম, গ্রাম-চুনারচর, ডাকঘর-চরলতা, উপজেলা-মেহেন্দিগঞ্জ, জেলা-বরিশাল) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ উপজেলার জয়নগর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ২২ সেপ্টেম্বর ২০১৬

**নং বিচার-৭/২এন-৭১/৭৬ (অংশ-১)-৪৯১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব আবদুল আলীম, পিতা-মোঃ আবদুল লতিফ, মাতা-লাল জাহান, গ্রাম-উলচাপাড়া, ডাকঘর-উলচাপড়া,

উপজেলা-ব্রাহ্মণবাড়ীয়া সদর, জেলা-ব্রাহ্মণবাড়ীয়া) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ব্রাহ্মণবাড়ীয়া জেলার সদর উপজেলা ১০ নং রামরাইল ইউনিয়নের ১, ২ ও ৩ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-০৫/৯৩ (অংশ)-৪৮৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ মাহ্‌ফুজুর রহমান, পিতা-মোঃ মতিউল হক, মাতা-মোছাঃ মাজেদা বেগম, গ্রাম-জাফরপুর, ডাকঘর-রাজারামপুর, উপজেলা-ফুলবাড়ী, জেলা-দিনাজপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলার ০৭ নং শিবনগর ইউনিয়েনের ১, ২, ৩, ৪ ও ৫ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৩৪/৭৯(অংশ)-৪৬৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব আনিছুর রহমান, পিতা-মৃত আব্দুল মজিদ, মাতা-মৃত আনোয়ারা খাতুন, গ্রাম-রূপসদী, ওয়ার্ড নং-০৭, ১০নং রূপসদী ইউনিয়ন, ডাকঘর-রূপসদী, উপজেলা-বাঞ্ছারামপুর, জেলা-ব্রাহ্মণবাড়ীয়া) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ব্রাহ্মণবাড়ীয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলার রূপসদী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ২২ সেপ্টেম্বর ২০১৬

**নং বিচার-৭/২এন-৮০/২০০৪-৪৮৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ নওফেল ইমলাম অলি, পিতা-মোঃ নাছির আহম্মেদ, মাতা-নুরুননাহার বেগম, গ্রাম-কাটাদিয়া, ডাকঘর-চরামদ্দি, ০১ নং চরামদ্দি ইউনিয়ন, ওয়ার্ড নং-০৪, উপজেলা- বাকেরগঞ্জ, জেলা-বরিশাল) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলার ০১ নং চরামদ্দি ইউনিয়ন জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ২৫ সেপ্টেম্বর ২০১৬

**নং বিচার-৭/২এন-৩৮/৯৪-৪৯৬**—১৮৭২ সনের খ্রিষ্টান ম্যারেজ আইন (এ্যাক্ট ১৫) এর ৯ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (রেভারেন্ড ফিলিপ বিশ্বাস, পিতা-স্বর্গীয় উমি থাংক বিশ্বাস, মাতা-স্বর্গীয় উষা রানী বিশ্বাস, খ্রীষ্টিয়ান মিশন, নয়াসড়ক রোড, ডাকঘর-সিলেট-৩১০০, সিলেট সদর, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিলেট প্রেসবিটারিয়ান চার্চে খ্রীষ্টিয়ান ম্যারেজ রেজিস্টার জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

**জি, এম, নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

---

**তথ্য মন্ত্রণালয়**
**টেলিভিশন-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৪ জ্যৈষ্ঠ ১৪২৩/১৮ মে ২০১৬

**নং ১৫.০০.০০০০.০২৩.০৪.০০৩.১৬-২৪০**—যেহেতু, জনাব মোঃ জাহিদুল ইসলাম, নির্বাহী প্রযোজক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা নং-৫/২০১৫ রুজুপূর্বক তথ্য মন্ত্রণালয়ের ০১.০৭.২০১৫ তারিখের ১৫.০০.০০০০.০২৮.২৭. ০০৫.১৫-১৬০ নং স্মারক মূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শাতে বলা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ১৩-০৭-২০১৫ তারিখে লিখিত জবাব প্রদান করেন এবং তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে গত ৩০-০৮-২০১৫ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীঅন্তে প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনা করে বিষয়টি তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় তথ্য মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব জনাব মোঃ নাসিরউদ্দিন আহমেদ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত উল্লিখিত "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু, সার্বিক বিবেচনায় জনাব মোঃ জাহিদুল ইসলাম, নির্বাহী প্রযোজক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগের (বিভাগীয় মামলা নং-০৫/২০১৫) দায় থেকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ১৫.০০.০০০০.০২৩.০৪.০০২.১৬-২৪২**—যেহেতু, জনাব মোঃ এনামুল হক, প্রযোজক (বার্তা) (গ্রেড-২), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা নং-৩/২০১৫ রুজুপূর্বক তথ্য মন্ত্রণালয়ের ০১-০৭-২০১৫ তারিখের ১৫.০০.০০০০.০২৮.২৭. ০০৫.১৫-১৬১ নং স্মারক মূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শাতে বলা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ১৩-০৭-২০১৫ তারিখে লিখিত জবাব প্রদান করেন এবং তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে গত ৩০-০৮-২০১৫ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীশেষে প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনা করে বিষয়টি তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় তথ্য মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব জনাব মোঃ নাসিরউদ্দিন আহমেদ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত উল্লিখিত "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু, সার্বিক বিবেচনায় জনাব মোঃ এনামুল হক, প্রযোজক (বার্তা) (গ্রেড-২), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা-কে তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক "অসদাচরণের" এর অভিযোগের (বিভাগীয় মামলা নং-০৩/২০১৫) দায় থেকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মরতুজা আহমদ**
সচিব।

---

**তথ্য ও গণযোগাযোগ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ ভাদ্র ১৪২৩/০৬ সেপ্টেম্বর ২০১৬

**নং ১৫.০০.০০০০.০২৫.৩২.০০৩.১৬-৩১৩**—বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারের কর্মকর্তা তথ্য অধিদপ্তরের সিনিয়র তথ্য অফিসার জনাব মীর মোশাররফ হোসেন এর বিরুদ্ধে কাফরুল থানা মামলা নম্বর ৪৮(৩) ২০১৪-তে অভিযোগপত্র দাখিলের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক তাঁকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত (Suspension) করা হলো।

০২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি তথ্য অধিদপ্তরে সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক খোরপোষ ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মরতুজা আহমদ**
সচিব।

**চলচ্চিত্র অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ ভাদ্র ১৪২৩/০৮ সেপ্টেম্বর ২০১৬

**নং তম/চলচ্চিত্র-৪/২০০৯/৫৭৮**—The Censorship of Films Act, 1963 {The Censorship of Films (Amendment) Act, 2006} এর ৩ ধারা এবং The Bangladesh Censorship of Films Rules, 1977 এর ৪ বিধি মোতাবেক ০১ (এক) বছরের জন্য নিম্নোক্তভাবে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড পুনর্গঠন করা হলো:

**চেয়ারম্যান**

১। সচিব, তথ্য মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২। একজন অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয় (চেয়ারম্যান মহোদয় কর্তৃক মনোনীত)।

৩। মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব

৪। প্রতিনিধি, আইন ও বিচার বিভাগ (কমপক্ষে যুগ্মসচিব পদমর্যাদার)।

৫। প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (কমপক্ষে যুগ্মসচিব পদমর্যাদার)।

৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন।

৭। কবি জাহিদুল হক, প্রাক্তন উপ-মহাপরিচালক, বাংলাদেশ বেতার।

৮। মিজ শর্মিলী আহমেদ, চলচ্চিত্র ব্যক্তিত্ব

৯। জনাব শাবান মাহমুদ, বিশিষ্ট সাংবাদিক

১০। জনাব মুশফিকুর রহমান গুলজার, মহাসচিব, বাংলাদেশ চলচ্চিত্র পরিচালক সমিতি।

১১। জনাব মোঃ আব্দুল জব্বার, মুক্তিযোদ্ধা ও সংগীত ব্যক্তিত্ব।

১২। মিজ রোকেয়া রফিক বেবী, সাংস্কৃতিক ব্যক্তিত্ব

১৩। জনাব নাসির উদ্দিন দিলু, চলচ্চিত্র প্রযোজক

১৪। জনাব মোঃ ইফতেখারউদ্দিন (নওশাদ), চলচ্চিত্র প্রযোজক, পরিবেশ ও প্রদর্শক।

**সদস্য-সচিব**

১৫। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

০২। এ বোর্ডের কার্যক্রম The Censorship of Films Act, 1963 {The Censorship of Films (Amendment) Act, 2006}. The Bangladesh Censorship of Films Rules, 1977 এবং The Code for Censorship of Films in Bangladesh, 1985 অনুসারে পরিচালিত হবে।

০৩। বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড কর্তৃক আয়োজিত সেন্সর শো'র শতকরা ৭৫ ভাগ শো-তে সদস্যদের উপস্থিত থাকা আবশ্যক। পরপর ৩(তিন) টি শো-তে যুক্তিসংগত কারণ ছাড়া অনুপস্থিত থাকলে সদস্য পদ বাতিল বলে গণ্য হবে।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি. এন. নজমুল হোসেন খান**
উপসচিব।

---

**পরিবেশ ও বন মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা -১**

**পরিপত্র**

তারিখ, ০৯ আগস্ট ২০১৬

**নং ২২.০০.০০০০.০৫১.৩৩.০১৫.১৪-৫৭০**—প্রশাসনে গতিশীলতা আনয়ন এবং সেবার মান উন্নয়নের লক্ষ্যে বন অধিদপ্তরে কর্মরত কর্মকর্তাদের অর্জিত ছুটি, মাতৃত্বকালীন ছুটি, শ্রান্তি ও বিনোদন ছুটি, সাধারণ ভবিষ্য তহবিলের অগ্রিম মঞ্জুরী এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তাদের পিআরএল ও পেনশন মঞ্জুরির ক্ষমতা, নিম্নরূপভাবে অর্পণ করা হলো:

| ক্রমিক | বিষয় | ক্ষমতা অর্পণের স্তর | | |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | প্রধান বন সংরক্ষক | বন সংরক্ষক/পরিচালক বন একাডেমী আঞ্চলিক কার্যালয় | বিভাগীয় বন কর্মকর্তা/পরিচালক |
| ১। | বিএসআর এর বিধি-১৪৯ এবং নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর বিধি-৭ অনুযায়ী ব্যক্তিগত/ পারিবারিক কারণে ও মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে অনধিক তিন মাস পর্যন্ত গড় বেতনে দেশের অভ্যন্তরে অর্জিত ছুটি মঞ্জুরি। | (ক) নিজ কার্যালয়ের নবম-পঞ্চম গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা।<br>(খ) জেলা ও আঞ্চলিক পর্যায়ের পঞ্চম গ্রেডভুক্ত অফিস প্রধান এবং পঞ্চম গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা। | (ক) নিজ কার্যালয়ের এবং নিয়ন্ত্রণাধীন কার্যালয়ের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং নিজ কার্যালয়ের দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা।<br>(খ) তার নিয়ন্ত্রণাধীন কার্যালয় সমূহের ২য় শ্রেণির কর্মকর্তা (এক মাসের অধিক তিন মাস পর্যন্ত। | নিজ কার্যালয় ও নিয়ন্ত্রণাধীন কার্যালয়ের ২য় শ্রেণির কর্মকর্তা (এক মাস পর্যন্ত)। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | প্রধান বন সংরক্ষক | বন সংরক্ষক/পরিচালক বন একাডেমী আঞ্চলিক কার্যালয়। | বিভাগীয় বন কর্মকর্তা/পরিচালক। |
| ২। | দেশের অভ্যন্তরে ভোগের ক্ষেত্রে শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুরি। | (ক) নিজ কার্যালয়ের নবম-পঞ্চম গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা।<br>(খ) জেলা ও আঞ্চলিক পর্যায়ের পঞ্চম গ্রেডভুক্ত অফিস প্রধান এবং পঞ্চম গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা। | নিজ কার্যালয়ের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা এবং নিয়ন্ত্রণাধীন কার্যালয়ের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত অফিস প্রধান। | নিজ কার্যালয় ও নিয়ন্ত্রণাধীন কার্যালয়ের ২য় শ্রেণির কর্মকর্তা। |
| ৩। | বিএসআর এর বিধি-১৪৯ এবং বিধি-১৯৭ এর উপবিধি-১ অনুযায়ী মাতৃত্বকালীন ছুটি মঞ্জুরি। | (ক) নিজ কার্যালয়ের নবম-পঞ্চম গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা।<br>(খ) জেলা ও আঞ্চলিক পর্যায়ের পঞ্চম গ্রেডভুক্ত অফিস প্রধান এবং পঞ্চম গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা। | নিজ কার্যালয়ের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা এবং নিয়ন্ত্রণাধীন কার্যালয়ের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত অফিস প্রধান। | নিজ কার্যালয়ের এবং নিয়ন্ত্রণাধীন উপজেলা পর্যায়ের সকল দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। |
| ৪। | দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীদের পিআরএল, পেনশন/পারিবারিক পেনশন ও অবসর প্রদান [গণকর্মচারী অবসর আইন, ১৯৭৪-এর ধারা ৯(২) ব্যতীত]। | নিজ কার্যালয়ের সকল দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। | নিজ কার্যালয়ের সকল দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। | নিজ কার্যালয়ের এবং নিয়ন্ত্রণাধীন উপজেলা পর্যায়ের কার্যালয়ের সকল দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। |
| ৫। | সাধারণ ভবিষ্য তহবিল থেকে অগ্রিম মঞ্জুরী [সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালভা, ১৯৭৯ এর বিধি-১৩(১)]। | গৃহনির্মাণ ও বিশেষ বিবেচনা ব্যতিত অন্যান্য সকল উদ্দেশ্য নিজ কার্যালয়ের নবম-পঞ্চম গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা, বিভাগ/ আঞ্চলিক পর্যায়ের কার্যালয়, জেলা পর্যায়ের কার্যালয় এবং উপজেলা পর্যায়ের কার্যালয়ের সকল গেজেটেড কর্মকর্তা। | গৃহনির্মাণ ব্যতিত জিপিএফ অগ্রিম মঞ্জুরীর ক্ষেত্রে নিজ কার্যালয়/জেলা পর্যায়ের কার্যালয় এবং উপজেলা পর্যায়ের কার্যালয়ের সকল গেজেটেড কর্মকর্তা।<br>তবে তাকে সংশ্লিষ্ট কর্মকর্তার নিয়োগকারী কর্তৃপক্ষ হতে হবে। | |

২। বন অধিদপ্তরের পরিকল্পনা উইং এর আওতাধীনে ব্যবস্থাপনা পরিকল্পনা বিভাগ ঢাকা/খুলনা/চট্টগ্রাম-এ বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয় রয়েছে। এছাড়া শিক্ষা ও প্রশিক্ষণ উইং এর আওতাধীনে ফরেস্ট্রি সায়েন্স এন্ড টেকনোলজি ইন্সটিটিউট, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট, বন উন্নয়ন ও প্রশিক্ষণ কেন্দ্র, কাপ্তাই-এ জেলা পর্যায়ের পরিচালকের কার্যালয় রেয়েছে। বর্ণিত কার্যালয়সমূহের জন্য আঞ্চলিক পর্যায়ের কোন কার্যালয় নেই বিধায় বর্ণিত কার্যালয়সমূহের ক্ষেত্রে আঞ্চলিক কার্যালয়ের কার্যক্রম প্রদান বন সংরক্ষকের কার্যালয় হতে সম্পন্ন হবে।

৩। এক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ অনুসরণ করতে হবে;

(ক) ছুটির আবেদনে অনুলিপি আবেদনকারী কর্মকর্তাকে পরিবেশ ও বন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(খ) ছুটিকালীন বিকল্প কর্মকর্তা নিশ্চিত করে ছুটি মঞ্জুর করতে হবে।

(গ) ছুটি মঞ্জুরের অনুলিপি নিয়োগকারী কর্তৃপক্ষকে প্রদান করতে হবে।

**ড. কামাল উদ্দিন আহমেদ**
সচিব।

**[ একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত হবে ]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৩ পৌষ ১৪২১ বাং/১৭ ডিসেম্বর ২০১৪ ইং

**নং ৩১.০০.০০০০.০৫১.৬৮.০৬০.১২-২৩৪**—চিংড়ীমহাল ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় কার্যাদি নির্ধারণের জন্য জাতীয় পর্যায়ে নিম্নরূপভাবে একটি জাতীয় চিংড়ীমহাল ব্যবস্থাপনা কমিটি এবং চিংড়ী চাষের জমি চিহ্নিতকরণ এবং চিংড়ী চাষ নিয়ন্ত্রণের উদ্দেশ্যে জমি বরাদ্দের সুপারিশ প্রণয়নের জন্য সংশ্লিষ্ট জেলাসমূহে নিম্নরূপভাবে জেলা চিংড়ীমহাল ব্যবস্থাপনা কমিটি গঠন করা হ'ল:

**জাতীয় চিংড়ী মহাল ব্যবস্থাপনা কমিটি ঃ**

| ক্রঃ নং | | | |
|---|---|---|---|
| ১। | মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | | সভাপতি |
| ২। | মাননীয় প্রতিমন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | | সদস্য |
| ৩। | জনাব মোঃ আবদুর রহমান বদি, মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-৪। চিংড়ী মহাল এলাকা হতে সরকার কর্তৃক মনোনীত। | | সদস্য |
| ৪। | জনাব মোঃ আশেক উল্লাহ রফিক, মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-২। চিংড়ী মহাল এলাকা হতে সরকার কর্তৃক মনোনীত। | | সদস্য |
| ৫। | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-১৬, বাঁশখালী। চিংড়ী মহাল এলাকা হতে সরকার কর্তৃক মনোনীত। | | সদস্য |
| ৬। | সচিব, ভূমি মন্ত্রণালয় | | সদস্য |
| ৭। | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | | সদস্য |
| ৮। | সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় | | সদস্য |
| ৯। | সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | | সদস্য |
| ১০। | কমিশনার, চট্টগ্রাম/খুলনা/বরিশাল | | সদস্য |
| ১১। | জনাব আমিনুল করিম, পিতা মৃত- বদিউর রহমান, সাং-ভরামুহুরী, উপজেলা-চকরিয়া, কক্সবাজার। সরকার কর্তৃক মনোনীত চিংড়ী চাষী। | | সদস্য |
| ১২। | জনাব দিদারুল ইসলাম চৌধুরী, পিতা মৃত-আবু বকর চৌধুরী, সাং+পোঃ-শিকলবাহা, কর্ণফুলী, চট্টগ্রাম। সরকার কর্তৃক মনোনীত চিংড়ী চাষী। | | সদস্য |
| ১৩। | যুগ্মসচিব, ভূমি মন্ত্রণালয় | সদস্য | চিংড়ী মহালের দায়িত্বে নিয়জিত |

**কমিটির কর্মপরিধি ঃ**

১। চিংড়ীমহাল ব্যবস্থাপনা সংক্রান্ত জাতীয় নীতি নির্ধারন;

২। চিংড়ী চাষ সম্প্রসারণও উৎপাদন বৃদ্ধির জন্য সহায়ক ব্যবস্থাদি গ্রহণ;

৩। আন্তঃমন্ত্রণালয়/বিভাগের কাজের সমন্বয় সাধন;

৪। চিংড়ীমহাল কারিগরী কমিটির কার্যাদি পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৫। চিংড়ীমহাল ব্যবস্থাপনা এবং ভূমি বরাদ্দ নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় আইন প্রণয়নের সুপারিশ;

৬। সরকার কর্তৃক প্রদত্ত যে কোন দায়িত্ব।

**চট্টগ্রাম জেলা চিংড়ী মহাল ব্যবস্থাপনা কমিটি ঃ**

| ক্রঃ নং | মনোনীত সংসদ সদস্য/সদস্যার নাম | পদবি |
|---|---|---|
| ১। | মাননীয় মেয়র, চট্টগ্রাম সিটি কর্পারেশন। | উপদেষ্টা |
| ২। | জনাব এম, আবদুল লতিফ মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-১৬ মহানগর। | উপদেষ্টা |
| ৩। | জনাব নজরুল ইসলাম, মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম ১৪, চন্দনাইশ। | উপদেষ্টা |
| ৪। | জনাব আবু রেজা মুহাম্মদ নেজাম উদ্দিন মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-১৫। | উপদেষ্টা |
| ৫। | জেলা প্রশাসক | সভাপতি |
| ৬। | বিভাগীয় বন কর্মকর্তা/প্রতিনিধি | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, ও এন্ড এম/ডিভিশন, পানি উন্নয়ন বোর্ড/প্রতিনিধি। | সদস্য |
| ৮। | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ৯। | ইঞ্জিনিয়ার ইসলাম আহম্মেদ পিতা-হাজী আলিম উদ্দিন, সাং-খোয়াজনগর, থানা-কর্ণফুলী, পটিয়া, চট্টগ্রাম। সরকার কর্তৃক মনোনীত চিংড়ী চাষী। | সদস্য |
| ১০। | জনাব এম, এ, কাইয়ুম শাহ পিতা মৃত-হাজী মোঃ ছবুর, সাং-দুধকুমড়া, ইউঃ-বারশত, আনোয়ারা, চট্টগ্রাম। সরকার কর্তৃক মনোনীত চিংড়ী চাষী। | সদস্য |
| ১১। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) | সদস্য |
| ১২। | জনাব মোঃ মহিউদ্দিন হায়দার পিতা মৃত-মোঃ আকবর মতবর সাং-হাজীগাঁও, পোঃ-মোনায়েম শাহ, বাঁশখালী, চট্টগ্রাম। চিংড়ী খামার গ্রুপ হতে মনোনীত। | সদস্য |
| ১৩। | জনাব মোঃ আমিন উল্লাহ, ব্যবস্থাপনা পরিচালক আর্ক সী ফুডস লিঃ বিসিক শিল্প এলাকা, সাগরিকা রোড, ফৌজদারহাট এবং প্রেসিডেন্ট বাংলাদেশ ফ্রোজেন ফুডস এক্সপার্টস এসোসিয়েশন। হিমায়িত খাদ্য রপ্তানীকারক সমিতি হতে মনোনীত। | সদস্য |

**কমিটির কর্মপরিধি ঃ**

১। সংশ্লিষ্ট জেলায় চিংড়ী চাষ উপযোগী জমি চিহ্নিত করা ও লবণ মহাল ঘোষণার ব্যাপারে সুপারিশ প্রণয়ন এবং সরকারের বিবেচনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ের নিকট প্রেরণ;

২। নীতিমালা অনুযায়ী চিংড়ী চাষের জমি বন্দোবস্ত প্রদানের সুপারিশ প্রণয়ন এবং বিভাগীয় কমিশনারের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ;

৩। কারিগরী দিক বিবেচনাকালে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের যুক্তিসঙ্গত আপত্তি থাকলে উহা কমিটি শুনানীর মাধ্যমে নিস্পত্তি করিবেন।

৪। কমপক্ষে প্রতি ৬ মাসে একবার ইজারা জমি ব্যবহার পর্যালোচনাপূর্বক ভূমি মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ;

৫। সরকার/জাতীয় কমিটি/জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত যে কোন দায়িত্ব।

**কক্সবাজার জলা চিংড়ী মহাল ব্যবস্থাপনা কমিটি ঃ**

| ক্রঃ নং | মনোনীত সংসদ সদস্য/সদস্যার নাম | পদবি |
|---|---|---|
| ১। | জনাব মোঃ আবদুর রহমান বদি<br>মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-৪। | উপদেষ্টা |
| ২। | জনাব মোঃ সাইমুম সরওয়ার কমল<br>মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-৩। | উপদেষ্টা |
| ৩। | জনাব মোঃ আশেক উল্লাহ রফিক<br>মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-২। | উপদেষ্টা |
| ৪। | জনাব মোঃ ইলিয়াছ<br>মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-১। | উপদেষ্টা |
| ৫। | জেলা প্রশাসক | সভাপতি |
| ৬। | বিভাগীয় বন কর্মকর্তা/প্রতিনিধি | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, ওএন্ড এম/ডিভিশন, পানি উন্নয়ন বোর্ড/প্রতিনিধি। | সদস্য |
| ৮। | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ৯। | জনাব গিয়াস উদ্দিন চৌধুরী<br>পিতা মৃত-নুরুল কবীর, ফাছিয়া খালী, চকরিয়া, কক্সবাজার।<br>সরকার কর্তৃক মনোনীত। | সদস্য |
| ১০। | মিজানুর রহমান, পিতা মৃত-মাষ্টার আবুল হাশেম, সাং-মাইজঘোণা, ইউঃ-শাহারবিল, চকরিয়া, কক্সবাজার।<br>সরকার কর্তৃক মনোনীত। | সদস্য |
| ১১। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) | সদস্য |
| ১২। | জনাব ইয়াকুব আলী, পিতা-মৃত আমির হামজা, নতুন বাহার ছড়া, কক্সবাজার সদর।<br>চিংড়ী খামার গ্রুপ হতে মনোনীত। | সদস্য |
| ১৩। | জনাব সালাহ উদ্দিন আহমদ<br>পিতা-মৃত ফজলুল করিম, প্রাক্তন সভাপতি, বিএফএফইএ ও চেয়ারম্যান, ফিস প্রিজারভার্স লিঃ, ২৯২ নাসিরাবাদ ইন্ডাঃ এরিয়া, বায়োজিদ বোস্তামী রোড, চট্টগ্রাম।<br>হিমায়িত খাদ্য রপ্তানীকারক সমিতি হতে মনোনীত। | সদস্য |

**কমিটির কর্মপরিধি ঃ**

১। সংশ্লিষ্ট জেলায় লবণ চাষ উপযোগী জমি চিহ্নিত করা ও লবণ মহাল ঘোষণার ব্যাপারে সুপারিশ প্রণয়ন এবং সরকার বিবেচনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ের নিকট প্রেরণ;

২। নীতিমালা অনুযায়ী লবণ চাষের জমি বন্দোবস্ত প্রদানের সুপারিশ প্রণয়ন এবং বিভাগীয় কমিশনারের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ;

৩। কারিগরী দিক বিবেচনাকালে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের যুক্তিসঙ্গত আপত্তি থাকলে উহা কমিটি শুনানীর মাধ্যমে নিস্পত্তি করিবেন।

৪। কমপক্ষে প্রতি ৬ মাসে একবার ইজারা জমি ব্যবহার পর্যালোচনাপূর্বক ভূমি মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ;

৫। সরকার/জাতীয় কমিটি/জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত যে কোন দায়িত্ব।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শিব্বির আহমদ উছমানী**
সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ৯ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ/২৪ সেপ্টেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.০০১.২০১৬-২২৫**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলা |
|---|---|---|---|---|
| ১ | বড় চেঙ্গাহাটা | ০৩ | লাকসাম | কুমিল্লা |
| ২ | নওয়াগাঁও | ০৮ | লাকসাম | কুমিল্লা |
| ৩ | শিকেরপুর | ১০ | লাকসাম | কুমিল্লা |
| ৪ | ছোলন্ডা কিশমত | ১৭ | লাকসাম | কুমিল্লা |
| ৫ | বিজরা | ৪৩ | লাকসাম | কুমিল্লা |
| ৬ | জয়নগর | ৫৪ | লাকসাম | কুমিল্লা |
| ৭ | উজালিয়া | ৫৭ | লাকসাম | কুমিল্লা |
| ৮ | জামির | ৮৯ | লাকসাম | কুমিল্লা |
| ৯ | বিছন খোলা | ১৭৮ | লাকসাম | কুমিল্লা |
| ১০ | কৈয়রা | ১৮৬ | লাকসাম | কুমিল্লা |
| ১১ | বেতী হাটী | ২৯০ | লাকসাম | কুমিল্লা |

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলা |
|---|---|---|---|---|
| ১২ | বাটিয়া ভিটা | ২৯৪ | লাকসাম | কুমিল্লা |
| ১৩ | খিলা | ৩২৪ | লাকসাম | কুমিল্লা |
| ১৪ | হাতীয়ামুরী | ৩৩৭ | লাকসাম | কুমিল্লা |
| ১৫ | নোয়া পাড়াদরি | ৩৮৬ | লাকসাম | কুমিল্লা |
| ১৬ | দক্ষিণ নোয়াগাঁও | ৩৯৫ | লাকসাম | কুমিল্লা |
| ১৭ | বুরপিষ্ট | ৪১১ | লাকসাম | কুমিল্লা |
| ১৮ | বাইশগাঁও | ৪২০ | লাকসাম | কুমিল্লা |
| ১৯ | জাওরা | ৪৪৪ | লাকসাম | কুমিল্লা |
| ২০ | মৈষবন | ৪৫৪ | লাকসাম | কুমিল্লা |
| ২১ | কেশানপাড় | ০১ | লাকসাম | কুমিল্লা |
| ২২ | উৎসব পদুয়া | ১৫৮ | লাকসাম | কুমিল্লা |
| ২৩ | সালেপুর | ২৩৬ | লাকসাম | কুমিল্লা |
| ২৪ | মৈশাতুয়া | ২৭৫ | লাকসাম | কুমিল্লা |
| ২৫ | ছিলইন | ৩০৩ | লাকসাম | কুমিল্লা |
| ২৬ | দিশাবন্ধ | ৩৫৯ | লাকসাম | কুমিল্লা |
| ২৭ | ঝলম | ৩৮৪ | লাকসাম | কুমিল্লা |
| ২৮ | নিশাচোরা | ৪০৫ | লাকসাম | কুমিল্লা |
| ২৯ | সাইচাপাড়া | ৫৬ | দেবীদ্বার | কুমিল্লা |
| ৩০ | ধামতী | ৮০ | দেবীদ্বার | কুমিল্লা |
| ৩১ | বাজে হোড়া | ৫৫ | বুড়িচং | কুমিল্লা |
| ৩২ | জগতপুর | ১০৪ | বুড়িচং | কুমিল্লা |
| ৩৩ | দক্ষিণ মাধবপুর | ১৪২ | বুড়িচং | কুমিল্লা |
| ৩৪ | মানিকারচর | ০৯ | হোমনা | কুমিল্লা |
| ৩৫ | মনিপুর | ৮৩ | হোমনা | কুমিল্লা |
| ৩৬ | সোনাকাটিয়া | ১৩৬ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ৩৭ | চান্দিশকরা | ১৯৫ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ৩৮ | টেককাটাজলা | ২৮৫ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ৩৯ | বুধরা | ২৮৮ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ৪০ | সাইলচো | ৬১ | বরুড়া | কুমিল্লা |
| ৪১ | শাকপুর | ১০৬ | বরুড়া | কুমিল্লা |
| ৪২ | পূর্ব বাঘমারা | ১১১ | বরুড়া | কুমিল্লা |
| ৪৩ | আড্ডা | ১৬১ | বরুড়া | কুমিল্লা |
| ৪৪ | মন্দুক | ১৭৮ | বরুড়া | কুমিল্লা |
| ৪৫ | কাকৈরতলা | ১৮৫ | বরুড়া | কুমিল্লা |
| ৪৬ | পেড্ডা | ২১৩ | বরুড়া | কুমিল্লা |
| ৪৭ | পোম্বাইশ | ১৬২ | বরুড়া | কুমিল্লা |
| ৪৮ | সরিপপুর | ১০ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |
| ৪৯ | খোদে হারিয়া | ১১৭ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |
| ৫০ | নুরপুর | ১২২ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |
| ৫১ | রূপা | ২২৯ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |
| ৫২ | পুনিয়াউট | ২৭৫ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |
| ৫৩ | বিরামপুর | ৩১০ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |
| ৫৪ | দরিয়া দৌলত | ১৬ | বাঞ্ছারামপুর | ব্রাহ্মণবাড়িয়া |
| ৫৫ | সৈদাবাদ | ২৬ | কসবা | ব্রাহ্মণবাড়িয়া |
| ৫৬ | দুরইন | ৪৬ | কসবা | ব্রাহ্মণবাড়িয়া |
| ৫৭ | দৌলতপুর | ৫৮ | কসবা | ব্রাহ্মণবাড়িয়া |

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলা |
|---|---|---|---|---|
| ৫৮ | রামপুর | ৬১ | কসবা | ব্রাহ্মণবাড়িয়া |
| ৫৯ | পাথারিয়াদ্বার | ৬৫ | কসবা | ব্রাহ্মণবাড়িয়া |
| ৬০ | গুড়িয়ারুপ | ৮৫ | কসবা | ব্রাহ্মণবাড়িয়া |
| ৬১ | চৌরাঙ্গা | ৪৮ | ফরিদগঞ্জ | চাঁদপুর |
| ৬২ | সাহাপুর | ৯৬ | ফরিদগঞ্জ | চাঁদপুর |
| ৬৩ | হোগলী | ১৫৯ | ফরিদগঞ্জ | চাঁদপুর |
| ৬৪ | ব্রাহ্মণ চক | ৪১ | মতলব | চাঁদপুর |
| ৬৫ | চর ঝাউ | ১৪৫ | মতলব | চাঁদপুর |
| ৬৬ | নিউচর | ৩৬ | হাইমচর | চাঁদপুর |
| ৬৭ | চর হাইম | ১৬ | হাইমচর | চাঁদপুর |
| ৬৮ | চর ভৈরবী | ৩৪ | হাইমচর | চাঁদপুর |

তারিখ, ২৩ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ/০৭ সেপ্টেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৩১.০৩৬.০০.০০০০.০৪৯.০০৯.২০১৪-২১৬**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের সংশোধিত স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলা |
|---|---|---|---|
| জোড়াদহ | ৮ | হরিণাকুন্ড | ঝিনাইদহ |
| মাদিয়া | ২০ | হরিণাকুন্ড | ঝিনাইদহ |
| সোনাতনপুর | ৪০ | হরিণাকুন্ড | ঝিনাইদহ |
| সড়াবাড়িয়া | ৫২ | হরিণাকুন্ড | ঝিনাইদহ |
| আড়ুয়াকান্দি | ৫৩ | হরিণাকুন্ড | ঝিনাইদহ |
| কাপাসহাটী | ৫৮ | হরিণাকুন্ড | ঝিনাইদহ |

**নং ৩১.০৩৬.০৩৩.০০০০.১৪১.২০১০-২১৫**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলা |
|---|---|---|---|---|
| ১ | ভাদরা ভিকন | ১৩৮ | নাগরপুর | টাঙ্গাইল |
| ২ | পংবাইজোড়া | ১৭৬ | নাগরপুর | টাঙ্গাইল |
| ৩ | মাঝুটিয়া | ২০৬ | নাগরপুর | টাঙ্গাইল |
| ৪ | বাস্তাখোলা | ২১৩ | নাগরপুর | টাঙ্গাইল |
| ৫ | রাউতবাড়ী | ৫৮ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| ৬ | বামনহাটা | ৪০ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| ৭ | ফসলআন্দি | ৫১ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| ৮ | মাইজবাড়ী | ৩৪ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| ৯ | পলশিয়া | ৮৫ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| ১০ | গোবিন্দপুর | ১২ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| ১১ | মাটিকাটা | ৯০ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| ১২ | অর্জ্জুনা | ২৪ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| ১৩ | বানিয়াগাতী | ৭৮ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| ১৪ | মেঘারপটল | ১৮ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| ১৫ | চরচন্দনী | ২০ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| ১৬ | জগৎপুরা | ০৮ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| ১৭ | চুকাইনগর | ২৫ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| ১৮ | কুতুবপুর | ৩৯ | ভূয়াপুর | টাঙ্গাইল |

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলা |
|---|---|---|---|---|
| ১৯ | কদিম খরশিলা | ২৬৩ | কালিহাতী | টাঙ্গাইল |
| ২০ | চর খাস কালাই | ৮৬ | কালিহাতী | টাঙ্গাইল |
| ২১ | মহিষজোড়া | ১৮৯ | কালিহাতী | টাঙ্গাইল |
| ২২ | আইসরাবাড়ী | ১১৩ | কালিহাতী | টাঙ্গাইল |
| ২৩ | হাটরামদেবপুর | ২৮ | কালিহাতী | টাঙ্গাইল |
| ২৪ | রূপশান্তি | ৭৮ | মধুপুর | টাঙ্গাইল |
| ২৫ | দরিরামপুর | ১১৮ | মধুপুর | টাঙ্গাইল |
| ২৬ | কৃষ্ণপুর | ১৪৫ | মধুপুর | টাঙ্গাইল |
| ২৭ | পোদ্দারবাড়ী | ১৬১ | মধুপুর | টাঙ্গাইল |
| ২৮ | ভাতকুড়া | ০৩ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ২৯ | দাতপাড়া | ৯৪ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৩০ | পাঁচদানা | ১১২ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৩১ | মহিষমুড়া | ১০৭ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৩২ | গাজেশ্বরী | ১৯৬ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৩৩ | উফুলকী | ৪৮ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৩৪ | বুড়ীহাটি | ৩৯ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৩৫ | দুল্লামনসুর | ৫৭ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৩৬ | ভারারা | ৩৬ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৩৭ | আমরাতৈল | ১৯৭ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৩৮ | বেত্রাসিন | ১৭৬ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৩৯ | ঘাঘরাই | ১৮৮ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৪০ | সাফর্তা | ১২৩ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৪১ | বরদাম | ৬১ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৪২ | শুকতা | ৯৭ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৪৩ | কলিমাজানী | ১৭৮ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৪৪ | কোটবহুরিয়া | ১৪৫ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৪৫ | মস্তফাপুর | ১১৮ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৪৬ | কদিমদেওহাটা | ৬৯ | মির্জাপুর | টাঙ্গাইল |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
উপসচিব।

---

**রেলপথ মন্ত্রণালয়**
**প্রশাসন-৩ (শৃঙ্খলা) শাখা**

**আদেশ**

তারিখ, ২৪ ভাদ্র ১৪২৩/০৮ সেপ্টেম্বর ২০১৬

**নং ৫৪.০০.০০০০.০২৩.২৭.৫০.১৫-১৮৪**—যেহেতু, জনাব মোহাম্মদ সফিকুর রহমান, বিভাগীয় বাণিজ্যিক কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা এর দায়িত্বে অবহেলার কারণে গত ১৯-২২ সেপ্টেম্বর ২০১৫ তারিখ ঢাকা থেকে চট্টগ্রামগামী সুবর্ণ এক্সপ্রেস ৭০১/৭০২ এর এক্সট্রা-৩ বা 'ঝ' কোচটির টিকিট ঢাকা থেকে বিক্রি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করায় উক্ত কোচটি খালি যাওয়ায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

২। যেহেতু, সরকারের উক্ত ক্ষতির কারণে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগ এনে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক কেন তাঁকে চাকুরি থেকে বরখাস্ত করা হবে না মর্মে গত ০৪-০১-২০১৬ তারিখ ৫৪.০০.০০০০.০২৩.২৭.৫০.১৫-০২ নং স্মারকে কারণ দর্শানোর নোটিশ দেয়া হলে, তিনি উক্ত জবাবে ব্যক্তিগত শুনানির আবেদন করেন, যার প্রেক্ষিতে গত ১৫-০৩-২০১৬ এবং ১৭-০৪-২০১৬ তারিখে দুই দফা শুনানি গ্রহণ করা হয়।

৩। যেহেতু, দুইদফা শুনানি ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, স্টেশন ম্যানেজার, ঢাকা ও সহকারী বাণিজ্যিক কর্মকর্তা এর দায়িত্ব ছিল যাত্রীবাহী বা অতিরিক্ত কোচ সংযোজনের বিষয়টি বিভাগীয় বাণিজ্যিক কর্মকর্তাকে অবহিত করা যা তাঁরা করতে ব্যর্থ হয়েছেন, এবং এ কারণে উক্ত ঘটনার পর সম্পাদিত তদন্তে বিষয়টি অভিযুক্ত কর্মকর্তার অসতর্কতামূলক ভুল হিসেবে উল্লেখ করা হয়েছে।

৪। সেহেতু, জনাব মোহাম্মদ সফিকুর রহমান, বিভাগীয় বাণিজ্যিক কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা'কে ভবিষ্যতে আরো দায়িত্বশীল হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হলো এবং সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৭(২) এ বিধি অনুযায়ী বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ফিরোজ সালাহ্ উদ্দিন**
সচিব।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
## ক্রীড়া-১ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ০৭ আশ্বিন ১৪২৩/২২ সেপ্টেম্বর ২০১৬

**নং ৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১১-৬০৬**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বাংলাদেশ কারাতে ফেডারেশনের সভাপতি জনাব মোঃ মোখলেছুর রহমান (সাবেক মহাপরিচালক, র‍্যাব এবং অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক)-কে বাংলাদেশ কারাতে ফেডারেশন এর সভাপতি পদের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

**নং ৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১১-৬০৭**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোঃ মোজাম্মেল হক খান-কে বাংলাদেশ কারাতে ফেডারেশন এর সভাপতি পদে নিয়োগ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**সিরাজুছ ছালেকীন**
সহকারী সচিব।

## শিল্প মন্ত্রণালয়
## পরিকল্পনা-৩ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২২ ভাদ্র ১৪২৩ বঃ/০৬ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ৩৬.০০.০০০০.০৮৪.১৪.০১৩.১২/৩১৮**—শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে বিসিক কর্তৃক বাস্তবায়নাধীন 'চামড়া শিল্পনগরী, ঢাকা (২য় সংশোধিত)'-শীর্ষক প্রকল্পের আওতায় আরডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের যাবতীয় বাস্তবায়ন কাজের অগ্রগতি মনিটরিং করার লক্ষ্যে নিম্নোক্ত কমিটি করা হ'ল:

**কমিটির গঠন:**

**আহবায়ক**

১. যুগ্ম-সচিব (আস ও নীতি-২), শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. পরিচালক (প্রকল্প), বিসিক

৩. যুগ্ম-প্রধান, শিল্প মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

৪. উপ-প্রধান, শিল্প মন্ত্রণালয়

**২। কমিটির কার্যপরিধি:**

(১) কমিটি প্রকল্পের সকল কাজ সরেজমিনে পরিদর্শন করবে;

(২) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা, সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের লক্ষ্যে সুপারিশ প্রদান করবে;

(৩) প্রকল্পের আওতায় নিযুক্ত ঠিকাদারের কাজের অগ্রগতি ও গুণগতমান, পর্যালোচনা করে নির্ধারিত সময়ে সফলভাবে প্রকল্পের কাজ সমাপ্তির জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে;

(৪) কাজের বাস্তব অগ্রগতির সাথে বিল পরিশোধের তুলনামূলক চিত্র পর্যালোচনা করবে এবং বিধি মোতাবেক বিল পরিশোধ করা হচ্ছে কিনা সে বিষয়ে মতামত প্রদান করবে;

(৫) প্রকল্পের আওতায় ক্ষতিপূরণ প্রদানের অগ্রগতি কমিটি পর্যালোচনা করে সুপারিশ প্রদান করবে;

(৬) প্রকল্প পরিচালক কমিটিকে সকল প্রকার তথ্য ও ডকুমেন্ট প্রদানসহ সার্বিক সহযোগিতা প্রদান করবে এবং কমিটির সুপারিশের আলোকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে; এবং

(৭) কমিটি প্রতি ১৫ (পনের) দিন অন্তর অন্তর প্রকল্পের বাস্তাব ও আর্থিক অগ্রগতিসহ সার্বিক বিষয়ে শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়কে অবহিত করবে।

তারিখ, ০৪ আশ্বিন ১৪২৩ বঃ/১৯ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ৩৬.০০.০০০০.০৮৪.১৪.০১৩.১২/৩৩০**—শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে বিসিক কর্তৃক বাস্তবায়নাধীন 'চামড়া শিল্পনগরী, ঢাকা (২য় সংশোধিত)'-শীর্ষক প্রকল্পের আওতায় আরডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের যাবতীয় বাস্তবায়ন কাজের অগ্রগতি মনিটরিং করার লক্ষ্যে নিম্নোক্ত কমিটি করা হ'ল:

**কমিটির গঠন:**

**আহবায়ক**

১. যুগ্ম-সচিব (অডিট), শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. পরিচালক (প্রকল্প), বিসিক

৩. যুগ্ম-প্রধান, শিল্প মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

৪. উপ-প্রধান, শিল্প মন্ত্রণালয়

**২। কমিটির কার্যপরিধি:**

(১) কমিটি প্রকল্পের সকল কাজ সরেজমিনে পরিদর্শন করবে;

(২) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা, সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের লক্ষ্যে সুপারিশ প্রদান করবে;

(৩) প্রকল্পের আওতায় নিযুক্ত ঠিকাদারের কাজের অগ্রগতি ও গুণগতমান, পর্যালোচনা করে নির্ধারিত সময়ে সফলভাবে প্রকল্পের কাজ সমাপ্তির জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে;

(৪) কাজের বাস্তব অগ্রগতির সাথে বিল পরিশোধের তুলনামূলক চিত্র পর্যালোচনা করবে এবং বিধি মোতাবেক বিল পরিশোধ করা হচ্ছে কিনা সে বিষয়ে মতামত প্রদান করবে;

(৫) প্রকল্পের আওতায় ক্ষতিপূরণ প্রদানের অগ্রগতি কমিটি পর্যালোচনা করে সুপারিশ প্রদান করবে;

(৬) প্রকল্প পরিচালক কমিটিকে সকল প্রকার তথ্য ও ডকুমেন্ট প্রদানসহ সার্বিক সহযোগিতা প্রদান করবে এবং কমিটির সুপারিশের আলোকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে; এবং

(৭) কমিটি প্রতি ১৫(পনের) দিন অন্তর অন্তর প্রকল্পের বাস্তাব ও আর্থিক অগ্রগতিসহ সার্বিক বিষয়ে শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়কে অবহিত করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফররুখ আহম্মদ**

সিনিয়র সহকারী প্রধান।

---

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৪ অধিশাখা**

**আদেশাবলী**

তারিখ, ১৪ ভাদ্র ১৪২৩/২৯ আগস্ট ২০১৬

**নং ৪১.০০.০০০০.০৩৬.২৭.০৪১.১২.১০৪**—যেহেতু, জনাব মোঃ মাহাবুবুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার (সাময়িক বরখাস্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, মোল্লাহাট, বাগেরহাট এর বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'দুর্নীতিপরায়ণ' এর অভিযোগে বিভাগীয় মামলা (মামলা নং-৩১ তারিখ: ১৯-১১-২০১৩) চালু করে এ মন্ত্রণালয়ের ১৯-১১-২০১৩ তারিখের ৪১.০৩৬.০০১.০০০০.০৪১. ২০১২.২৬২(ক) সংখ্যক স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয়; এবং

যেহেতু, উপর্যুক্ত অভিযোগের প্রেক্ষিতে অভিযুক্ত বিগত ১০-০২-২০১৪ তারিখে লিখিত কৈফিয়ত দাখিল করে শুনানীর জন্য প্রার্থনা করলে সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গত ১৫-০৫-২০১৪ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, উক্ত লিখিত কৈফিয়ত এবং ব্যক্তিগত শুনানীর বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

যেহেতু, উক্ত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ মন্ত্রণালয়ের ২৩-০৪-২০১৪ তারিখের ৪১.০০.০০০০.০৩৬.০৪. ০৪১.১২.৩৪০ স্মারকমূলে জনাব মো: আব্দুল গণি, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুষ্টিয়াকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তিনি তদন্ত করে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অসদাচরণ ও 'দুর্নীতি'র অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন এবং এর সাথে সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ মাহাবুবুর রহমানকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৪(৩)(বি) মোতাবেক চাকরি হতে 'বাধ্যতামূলক অবসর' (Compulsory Retirement) দেয়ার গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয় এবং গত ২২-০৯-২০১৪ তারিখের ৪১.০০.০০০০.০৩৬.০৪.০৪১.১২.৩৭২ স্মারকমূলে ২য় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ মাহাবুবুর রহমান গত ০৮-০২-২০১৬ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশের লিখিত জবাব প্রদান করেন এবং উক্ত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় প্রস্তাবিত দণ্ড আরোপের বিষয়ে গত ২১-০৯-২০১৬ তারিখে ৪১.০০.০০০০. ০৩৬.২৭.০৪১..১২.৬৭ স্মারকমূলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে মতামত প্রদানের অনুরোধ জানান হলে সরকারী কর্ম কমিশন ০৩-০৮-২০১৬ তারিখের ৮০.১০৫.০৩৪.৪১.০০১.০১৩. ২০১৫.১৪৭ স্মারকমূলে জনাব মোঃ মাহাবুবুর রহমানকে চাকরি হতে 'বাধ্যতামূলক অবসর' প্রদানের প্রস্তাবে সম্মতি জ্ঞাপন করে; এবং

যেহেতু, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন এবং এর সাথে সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সম্মতির প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ মাহাবুবুর রহমানকে তার কৃত অপরাধের (অসদাচরণ ও দুর্নীতিপরায়ণ) জন্য চাকরি হতে বাধ্যতামূলক অবসর দানের দণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব মোঃ মাহাবুবুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার (সাময়িক বরাখাস্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, মোল্লাহাট, বাগেরহাট (পূর্বতন কর্মস্থল মোংলা, বাগেরহাট) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৩(বি) ও (ডি) মোতাবেক 'অসাদাচরণ ও দুর্নীতিপরায়ন' অভিযোগে দোষী সাব্যস্ত করে উক্ত বিধিমালার বিধি-৪(৩)(বি)-তে বর্ণিত মতে চাকরি হতে 'বাধ্যতামূলক অবসর' (Compulsory Retirement) দণ্ড প্রদান করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২১ ভাদ্র ১৪২৩/০৫ সেপ্টেম্বর ২০১৬

**নং ৪১.০০.০০০০.০৩৬.২৭.০২৭.১২.১০৮**—যেহেতু, জনাব মোঃ শফিউল আলম, উপজেলা সমাজসেবা অফিসার (সাময়িক বরখাস্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, আদিতমারী, লালমনিরহাট এর বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'দুর্নীতিপরায়ণ' এর অভিযোগে বিভাগীয় মামলা (মামলা নং-০২/১৪ তারিখ: ১১-০২-২০১৪) চালু করে এ মন্ত্রণালয়ের ১২-০২-২০১৪ তারিখের ৪১.০৩৬.০০১. ০০.০০.০২৭.১২.২৯৬ সংখ্যক স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয়; এবং

যেহেতু, উপর্যুক্ত অভিযোগের প্রেক্ষিতে অভিযুক্ত বিগত ১৩-০৩-২০১৪ তারিখে লিখিত জবাব দাখিল করে শুনানীর জন্য প্রার্থনা না করায় কোন ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়নি; এবং

যেহেতু, উক্ত লিখিত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

যেহেতু, উক্ত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ মন্ত্রণালয়ের ২৩-০৪-২০১৪ তারিখের ৪১.০১.০০০০.০৩৬.০৪. ০২৭.১২.৩১৯ স্মারকমূলে জনাব এম এম সুলতান মাহমুদ, যুগ্মসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তিনি তদন্ত করে অভিযুক্তের বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন এবং এর সাথে সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ শফিউল আলমকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৪(৩)(সি) মোতাবেক 'চাকরি হতে অপসারণ' (Removal from Service) দণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয় এবং গত ২৬-১১-২০১৪ তারিখের ৪১.০০.০০০০.০৩৬.২৭. ০২৭.১২.৩৯১ স্মারকমূলে ২য় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ শফিউল আলম গত ১৪-১২-২০১৪ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশের লিখিত জবাব প্রদান করেন এবং উক্ত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় প্রস্তাবিত দণ্ড আরোপের বিষয়ে গত ০৯-১১-২০১৫ তারিখে ৪১.০০.০০০০.০৩৬.০৪.০২৭. ১২.৮০ স্মারকমূলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে মতামত প্রদানের অনুরোধ জানান হলে সরকারী কর্ম কমিশন

১৬-০৮-২০১৬ তারিখের ৮০.১০৫.০৩৪.৪১.০০১.০১৬.২০১৫. ১৫৯ স্মারকমূলে জনাব মোঃ শফিউল আলমকে 'চাকরি হতে অপসারণ' (Removal from Service) দণ্ড প্রদানের প্রস্তাবে সম্মতি জ্ঞাপন করে; এবং

যেহেতু, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন এবং এর সাথে সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সম্মতির প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ শফিউল আলমকে তার কৃত অপরাধের (অসদাচরণ ও দুর্নীতিপরায়ণ) জন্য 'চাকরি হতে অপসারণ' (Removal from Service) প্রদানের দণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব মোঃ শফিউল আলম, উপজেলা সমাজসেবা অফিসার (সাময়িক বরাখাস্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, আদিতমারী, লালমনিরহাট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৩(বি) ও (ডি) মোতাবেক 'অসদাচরণ ও দুর্নীতিপরায়ন' অভিযোগে দোষী সাব্যস্ত করে উক্ত বিধিমালার বিধি-৪(৩)(সি)-তে বর্ণিত মতে 'চাকরি হতে অপসারণ' (Removal from Service) দণ্ড প্রদান করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. চৌধুরী মোঃ বাবুল হাসান**
সচিব।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## শৃংখলা-১ শাখা

### আদেশ

তারিখ, ২০ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৪.২০১৬-৬৪৪**—যেহেতু, ডাঃ মোঃ বোরহান উদ্দিন (৪৪০২৬), জুনিয়র কনসালটেন্ট (রেডিওলজি), সদর হাসপাতাল, ঝিনাইদহ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৮-০৪-২০১৬ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৪.২০১৬-৩২২ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৬-০৯-২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-৫ শাখার ২৯-০৮-২০১৬ তারিখের ৪৫.১৪৬.০০৩.০০.০০.১০৭.২০১৫-৮২২ নং স্মারকে ১১-০৮-২০১৫ তারিখ হতে ২২-০৮-২০১৫ তারিখ পর্যন্ত এবং ২৬-০৮-২০১৫ হতে ১৮-০২-২০১৬ তারিখ পর্যন্ত সময়কে ভূতাপেক্ষভাবে অর্জিত মঞ্জুর করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ বোরহান উদ্দিন (৪৪০২৬), জুনিয়র কনসালটেন্ট (রেজিওলজি), সদর হাসপাতাল, ঝিনাইদহ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

**বিমান কুমার সাহা** এনডিসি
অতিরিক্ত সচিব।

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ৫ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ/২০ সেপ্টেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬০.২০১৬-৬৪৮**—যেহেতু, ডাঃ সামসুন নাহার (৩৫৯৫৫), প্রাক্তন সহযোগী অধ্যাপক (মা ও শিশু স্বাস্থ্য), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে সৌদি আরবে "Associate Professor" হিসেবে চাকুরির নিমিত্ত মন্ত্রণালয়ের ১৪-০১-২০১০ তারিখের পার-৪/লিয়েন-৪৫/২০০৯-৭০১ নং স্মারকে ০১(এক) বছরের জন্য লিয়েন মঞ্জুর করা হয় এবং তিনি উক্ত লিয়েন ভোগ করার জন্য গত ০১-০৪-২০১০ তারিখে ছাড়পত্র গ্রহণ করেন;

যেহেতু, তিনি মঞ্জুরিকৃত লিয়েন এবং ছুটি ভোগ শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে গত ০২-০৩-২০১৫ খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ৩১-০৩-২০১৫ খ্রিঃ তারিখে তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতিকাল (অনুমোদিত এবং অনুমোদনবিহীন ছুটিসহ) ধারাবাহিকভাবে ০৫(পাঁচ) বছরের অধিক সময় অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ সামসুন নাহার (৩৫৯৫৫), প্রাক্তন সহযোগী অধ্যাপক (মা ও শিশু স্বাস্থ্য), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০১-০৪-২০১৫ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৭.২০১৬-৬৪৯**—যেহেতু, ডাঃ আজিজ উস সালাম (৪৫৬২০), প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে মালয়েশিয়ার স্কুল অব ডেন্টাল সায়েন্সে "লেকচারার" পদে চাকুরির নিমিত্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৪-০৮-২০০৮ তারিখের পার-৪/লিয়েন-১৩০/২০০৮-৪৩২ নং স্মারকে ০১(এক) বছরের জন্য লিয়েন মঞ্জুর করা হয় এবং তিনি উক্ত লিয়েন ভোগ করার জন্য গত ১১-০৩-২০০৯ তারিখে ছাড়পত্র গ্রহণ করেন;

যেহেতু, তিনি মঞ্জুরিকৃত লিয়েন ভোগ শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে গত ১২-০২-২০১৪ খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ১১-০৩-২০১৪ খ্রিঃ তারিখে তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতিকাল (অনুমোদিত এবং অনুমোদনবিহীন ছুটিসহ) ধারাবাহিকভাবে ০৫ (পাঁচ) বছরের অধিক সময় অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ আজিজ উস সালাম (৪৫৬২০), প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ১২-০৩-২০১৪ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৬.২০১৬-৬৫০**—যেহেতু, ডাঃ মোঃ হাছান নাজমুল আলম (৪১৮৩২), প্রাক্তন ইমার্জেন্সি মেডিকেল অফিসার, এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেটকে সৌদি আরবে "Residential Child Physician" হিসেবে চাকুরির নিমিত্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১২-০২-২০০৮ তারিখের পার-৪/লিয়েন-০২/২০০৪-৮৩ নং স্মারকে ০৩ (তিন) বছরের জন্য লিয়েন মঞ্জুর করা হয় এবং তিনি উক্ত লিয়েন ভোগ করার জন্য গত ০৪-০৩-২০০৮ তারিখে ছাড়পত্র গ্রহণ করেন;

যেহেতু, তিনি মঞ্জুরিকৃত লিয়েন এবং ছুটি ভোগ শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে গত ০৬-০৩-২০১২ খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ০৩-০৩-২০১৩ খ্রিঃ তারিখে তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতিকাল (অনুমোদিত এবং অনুমোদনবিহীন ছুটিসহ) ধারাবাহিকভাবে ০৫(পাঁচ) বছরের অধিক সময় অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ মোঃ হাছান নাজমুল আলম (৪১৮৩২), প্রাক্তন ইমার্জেন্সি মেডিকেল অফিসার, এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০৪-০৩-২০১৩ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

**বিমান কুমার সাহা** এনডিসি
অতিরিক্ত সচিব
(সচিবের দায়িত্বে)।

---

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
## স্থানীয় সরকার বিভাগ
## পানি সরবরাহ-৩ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ০৩ আশ্বিন ১৪২৩/১৮ সেপ্টেম্বর ২০১৬

**নং ৪৬.০০.০০০০.০৮৪.১৮.০১৩.১১(অংশ-১)-২১৬**—পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (৬নং আইন) এর ৭(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে খুলনা ওয়াসা বোর্ডের ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন, বাংলাদেশ-এর প্রতিনিধিত্বকারী সদস্য প্রকৌশলী মোঃ নূরুজ্জামান-কে খুলনা ওয়াসা বোর্ডের চেয়ারম্যান নিযুক্ত করা হল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**শামীমা ফেরদৌস**
সিনিয়র সহকারী সচিব।

---

## পাস-২ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২২ সেপ্টেম্বর ২০১৬

**নং ৪৬.০৮৫.০১৮.০১.০০.০০৬.২০১১(অংশ-২)-৭০৮**—পানি সরবরাহ পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬-এর ৬(১)(জ) ও ৬(৩) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব কাজী মোঃ নজিবুল্লাহ হিরু, এ্যাডভোকেট, চেয়ারম্যান, লিগ্যাল এডুকেশন কমিটি, বাংলাদেশ বার কাউন্সিল, শাহাবাগ, ঢাকা-১০০০, অফিস/বাসা-১৪ রাজার দেউরী, কোতয়ালী, ঢাকা-কে ঢাকা ওয়াসা বোর্ডের বাংলাদেশ বার কাউন্সিলের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হল। তিনি পূর্বের সদস্য জনাব গোলাম মোস্তফা খান এ্যাডভোকেট এর স্থলাভিষিক্ত হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৬.০৮৫.০১৮.০১.০০.০০৬.২০১১(অংশ-২)-৭০৯**—পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬-এর ৬(১)(ক) ও ৬(৩) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোঃ মাহবুব হোসেন, যুগ্ম সচিব, স্থানীয় সরকার বিভাগ-কে ঢাকা ওয়াসা বোর্ডের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**শামীমা ফেরদৌস**
সিনিয়র সহকারী সচিব।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৭

### আদেশ

তারিখ, ১৯ সেপ্টেম্বর ২০১৬

**নং বিচার-৭/২এন-৬৫/৭৭-৪৬৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব গিয়াস উদ্দিন আহমদ, পিতা-মরহুম বজল আহমদ, মাতা-লাইলা বেগম, কবরস্থান রোড, বাইল্যা পাড়া, ৭নং ওয়ার্ড, কক্সবাজার সদর পৌরসভা, ডাকঘর-কক্সবাজার-৪৭০০, উপজেলা-কক্সবাজার সদর, জেলা-কক্সবাজার) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার সদর পৌরসভার ০৭ ও ০৮ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**জি.এম. নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

---

## শিক্ষা মন্ত্রণালয়
## শাখা-৯ (কলেজ-৪)

### প্রজ্ঞাপন

তারিখ, ৩০ কার্তিক ১৪২৩/১৪ নভেম্বর ২০১৬

**নং ৩৭.০০.০০০০.০৭০.০৩৯.২০১৬-৭৮৮**—চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল উপজেলাধীন 'নাচোল ডিগ্রী কলেজ' ০৬ নভেম্বর ২০১৬ তারিখ হতে জাতীয়করণ করা হলো। শর্ত থাকে যে. উক্ত কলেজে আত্তীকৃত কোন শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**নাছিমা খানম**
সিনিয়র সহকারী সচিব।

---

## জনপ্রশাসন মন্ত্রণালয়
## শৃঙ্খলা-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১৮ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/০২ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৮১.২৭.০০১.১৬.৫৮২**—যেহেতু, শেখ মোঃ শাহাদৎ আলী (৫৯৭২), আইন কর্মকর্তা (সহকারী সচিব), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা-এর বিরুদ্ধে পদায়নের পর হতে ০৪(চার) বছর ০৬(ছয়) মাস অতিবাহিত হলেও বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে এ মন্ত্রণালয় হতে বেতন-ভাতা গ্রহণ করার অপরাধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর

অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২১-০৬-২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১৮১.২৭.০০১.১৬.৩৪৮ নং স্মারকযোগে তাঁর কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ১৪-০৭-২০১৬ তারিখ লিখিত জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে গত ০৭-০৮-২০১৬ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানি অন্তে প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য জনাব আ ন ম কুদরুত-ই-খুদা (৪৯৩০), যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদান করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা গত ০৫-১০-২০১৬ তারিখ তদন্ত শেষে প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর প্রদত্ত জবাব, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় শেখ মোঃ শাহাদৎ আলী (৫৯৭২) এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা, শেখ মোঃ শাহাদৎ আলী (৫৯৭২), আইন কর্মকর্তা (সহকারী সচিব), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা ও প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ (গরংপড়হফঁপঃ)" এর প্রমাণিত অপরাধে দোষী সাব্যস্ত করা হল। অভিযোগের গুরুত্ব এবং প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার বিধি ৪(২)(ই) মোতাবেক তাঁকে আদেশ জারির তারিখ হতে পরবর্তী দুই বছরের জন্য "টাইম স্কেলের সর্বনিম্নধাপে অবনমিতকরণ (Reduction to the lowest stage in the time-scale)" এর লঘুদণ্ড প্রদান করা হল। তিনি বর্তমানে যে স্কেলে বেতন উত্তোলন করছেন উক্ত বেতন স্কেলের সর্বনিম্নধাপে আগামী ২ বছরের জন্য তাঁর বেতন নির্ধারণ করা হল। দণ্ডের মেয়াদ শেষে তিনি বর্তমানে বেতন স্কেলের যে ধাপে বেতন উত্তোলন করছেন উক্ত ধাপে প্রত্যাবর্তন করবেন এবং ভবিষ্যত বেতন নির্ধারণের ক্ষেত্রে তিনি কোন বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না। উল্লেখ্য, অন্য কোন বিভাগীয় মামলায় দণ্ড প্রাপ্ত হলে উক্ত দণ্ড শেষ হবার পর এ বিভাগীয় মামলার দণ্ড কার্যকর হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

**বিধি-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ কার্তিক ১৪২৩/২৭ অক্টোবর ২০১৬

**নং ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০-২৭৭**—মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/পরিদপ্তরের ক্ষেত্রে রাজস্ব খাতভুক্ত ১৩তম গ্রেড থেকে ২০তম গ্রেডের (৩য় ও ৪র্থ শ্রেণি) পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-০৫-২০১৩ তারিখের ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০-১৪৩ নম্বরে একটি স্মারকপত্র জারি করা হয়। স্মারকপত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর জন্য যুগ্মসচিব-কে এবং অধিদপ্তর/পরিদপ্তর এর জন্য পরিচালক/সদস্য (যুগ্মসচিব পদমর্যাদাসম্পন্ন)-কে আহ্বায়ক/সভাপতি করে দু'টি পৃথক কমিটি গঠনের নির্দেশনা দেয়া হয়েছে। পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪-০৭-২০১৩ তারিখের ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০-২৩৫ নং স্মারকে অধিদপ্তর/পরিদপ্তর এর ক্ষেত্রে যুগ্মসচিব পদমর্যাদার কোন কর্মকর্তা না থাকলে উপসচিব পদমর্যাদার কর্মকর্তা উক্ত কমিটির আহ্বায়ক/সভাপতি হতে পারবেন মর্মে নির্দেশনা প্রদান করা হয়। এক্ষণে অধিদপ্তর/পরিদপ্তরের ক্ষেত্রে রাজস্বখাতভুক্ত ১৩তম গ্রেড থেকে ২০তম গ্রেডের (৩য় ও ৪র্থ শ্রেণি) পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে অধিদপ্তর/পরিদপ্তরের নিয়োগকারী কর্তৃপক্ষ ও নিয়োগ বাছাই কমিটির সভাপতি একই ব্যক্তি হলে সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ যুগ্মসচিব পদমর্যাদার কর্মকর্তা হলেও তার অধঃস্তন যুগ্মসচিব পদমর্যাদার কোন কর্মকর্তা না থাকলে উপসচিব পদমর্যাদার কর্মকর্তা উক্ত কমিটির আহ্বায়ক/সভাপতি হতে পারবেন।

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

**প্রশাসন-১ অধিশাখা**

**আদেশ**

তারিখ, ২৩ ভাদ্র ১৪২৩/০৭ সেপ্টেম্বর ২০১৬

**নং ০৫.০০.০০০০.১৩৭.১৫.০২১.১৫.৪২৬**—আদিষ্ট হয়ে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-১ এর ১৫-১০-২০১৫ তারিখের অম/অবি/ব্য:নি:-১/সংস্থা-১০/২০১০-৪৩৬ সংখ্যক স্মারক ও বাস্তবায়ন অধিশাখা-২ এর ০৩-১২-২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৬২.০৫.০০৪.১৩-২৩২ নম্বর স্মারকে প্রদত্ত সম্মতি; জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগের সম্মতি; এবং মন্ত্রিপরিষদ বিভাগের ৩০-০৬-২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০১২.১৬-২৫১ সংখ্যক স্মারকে প্রেরিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে সকল জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখার জন্য সহকারী পরিচালক (স্থানীয় সরকার) এর ০১(এক)টি করে মোট ৬৪(চৌষট্টি)টি নিম্নে বর্ণিত পদ রাজস্ব খাতে স্থায়ীভাবে সৃজনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

| পদের নাম | বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারিত বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে) | বেতন নির্ধারণের শর্ত/ভিত্তি | পদের সংখ্যা |
|---|---|---|---|
| সহকারী পরিচালক (স্থানীয় সরকার) | টা. ২২,০০০—৫৩,০৬০ (নবম গ্রেড) | ক্যাডার সার্ভিস পদ। বিসিএস (প্রশাসন) ক্যাডার কর্মকর্তাদের মধ্য হতে পদায়নের শর্তে। | ১×৬৪=৬৪(চৌষট্টি)টি |

২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট খাত হতে (৩-০৭-০০০১-০৭৪২-জেলা প্রশাসন) এ সংক্রান্ত ব্যয় নির্বাহ করা হবে।

৩। বিধি মোতাবেক সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**খালেদা আখতার**
উপসচিব।

**অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ/১০ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০.২০০.২৫.০০৮.২০১৫-১৭০**—বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫(১)(ছ) ধারা অনুযায়ী মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ আলাউদ্দিনকে প্রজ্ঞাপন জারির তারিখ থেকে পরবর্তী ০২(দুই) বছরের জন্য বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের বোর্ড অব গভর্নরস (বিওজি)-এর সদস্য হিসেবে মনোনয়ন প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দা মাছুমা খানম**
সিনিয়র সহকারী সচিব।